76

দৈনিক সংবাদ

তারিখ JAN. 28 1999

পৃষ্ঠা ৫ কলাম ২

## বরিশালে সাংবাদিক সম্মেলন

# ফ্যাসিলিটিজ বিভাগের ৪২২ প্রকৌশলী-কর্মচারীর চাকরি স্থায়ী করার জোর দাবি

বরিশাল,২৭শে জানুয়ারি (জেলা বার্তা পরিবেশক)।- শিক্ষা মন্ত্রণালয়াধীন ফ্যাসিলিটিজ বিভাগের ৪শ' ২২ জন প্রকৌশলী ও কর্মচারীর চাকরি স্থায়ী করার দাবি জানানো হয়েছে।

ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট ডিগ্রি ও ডিপ্লোমা প্রকৌশলী ও কর্মচারী সমন্বয় পরিষদের বরিশাল আঞ্চলিক কমিটির নেতৃবৃন্দ গত ৭ই জানুয়ারি এক সাংবাদিক সম্মেলনে বলেন, ফ্যাসিলিটিজ বিভাগে ৯৯৩ জন প্রকৌশলী ও কর্মচারী রয়েছে। এর মধ্যে ৪২২ জন ২টি প্রকল্পভুক্ত। সরকার ৫৭১ জন প্রকৌশলী ও কর্মচারীকে রাজস্ব খাতে আত্তীকরণ করা হয়। বাকি ৪২২ জনকে রাজস্ব খাতে আত্তীকরণের জন্য শিক্ষা মন্ত্রণালয় সংস্থাপন মন্ত্রণালয়ের কাছে প্রস্তাব পেশ করে। সংস্থাপন মন্ত্রণালয় এ পর্যন্ত মাত্র ১৭৬ জনকে রাজস্ব খাতে আত্তীকরণের উদ্যোগ নিয়েছে। এছাড়া অরাজস্ব খাতের ৪২২ জন প্রকৌশলী ও কর্মচারী গত ১৮ মাস যাবৎ বেতন ভাতা পাচ্ছেন না। অনাহারক্লিষ্ট এ সকল কর্মচারী দিনরাত শ্রম দিয়ে বন্যাপরবর্তী কর্মসূচির আওতায় বিধ্বস্ত ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের পুনঃ নির্মাণ ও মেরামতের কাজ করে যাচ্ছে।

সাংবাদিক সম্মেলনে এসব কর্মকর্তা, কর্মচারীকে রাজস্ব খাতে আত্তীকরণ করাসহ আন্তঃ মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক ১৪৬৮ জন প্রকৌশলী কর্মচারী সমন্বয়ে ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট গঠনেরও দাবি জানানো হয়।

SHEETS